

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট

অধ্যক্ষের দপ্তর

www.nmi.gov.bd

দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।

নম্বর: ১৮.১৯.০০০০.০০১.১০.০০১.১৮.১৭৪

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

অফিস আদেশ

নৌপরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং-১৮.০০.০০০০.০৩৬.৩১.০০১.১৭.৪২ তারিখঃ ২২/০৯/২০২০ খ্রি. এর প্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত 'বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার (BNDA)' নির্দেশিকা ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে বাস্তবায়ন করার জন্য এবং ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটিকে সহযোগিতা করার জন্য ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামের ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিনিয়ারিং) জনাব মুহাম্মদ সাজ্জাদ হোসেন পাভেলকে ফোকাল পয়েন্ট এবং ইন্সট্রাক্টর (সীম্যানশীপ) জনাব মোঃ মেহেদী হাসনকে বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে মনোনয়ন প্রদান করা হলো। ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের কার্যাবলি নিম্নরূপঃ

ক. ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের জন্য ডিজিটাল আর্কিটেকচার প্রস্তুত করণ, প্রস্তুতকৃত ডিজিটাল আর্কিটেকচারের রক্ষণাবেক্ষণ, মানোন্নয়ন এবং তা চালু ও কার্যকর রাখতে কার্যকর ব্যবস্থা করা, অধ্যক্ষের সিদ্ধান্ত মোতাবেক কার্যাবলি সম্পাদন করা;

খ. তথ্য প্রযুক্তি ব্যবস্থাপনার কর্মক্ষমতা নিরীক্ষণ, প্রয়োজ্য কর্মক্ষমতা পরিমাপের ভিত্তিতে কর্মদক্ষতা মূল্যায়ন, এবং যে কোন আইসিটিভিত্তিক উদ্যোগ অব্যাহত রাখা অথবা পরিবর্তন বা বন্ধ করা বিষয়ে অধ্যক্ষকে পরামর্শ প্রদান করা;

গ. ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন বিষয়ে বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির সাথে লিয়াজেঁ করা;

ঘ. ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে অধ্যক্ষকে অবহিত করা এবং তা নিরসনে বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির পরামর্শ গ্রহণক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

ঙ. বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার (BNDA) নির্দেশিকাটি বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনে নৌপরিবহন মন্ত্রণালয়সহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে যোগাযোগ করা।



২৭-৯-২০২০

ক্যাপ্টেন ফয়সাল আজিম

অধ্যক্ষ

ফোন: 031-740569

ফ্যাক্স: 031-800620

ইমেইল: info@nmi.gov.bd ;